# ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-২১), ৮ রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।

## ইউনিট ফান্ড ডিপার্টমেন্ট

## বিজ্ঞপ্তি

**বিষয়ঃ BEFTN এর মাধ্যমে লভ্যাংশ জমাকরণ প্রসঙ্গে।**

আইসিবি ইউনিট সার্টিফিকেট এর সম্মানিত ধারকগণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আইসিবি ইউনিট ফান্ডের ২০২৪-২০২৫ অর্থবছরের লভ্যাংশ প্রচলিত নিয়মানুযায়ী আগামী ৩১ জুলাই, ২০২৫ তারিখে ঘোষিত হবে। ঘোষিত লভ্যাংশ Bangladesh Electronic Fund Transfer Network (BEFTN) এর মাধ্যমে ধারকের স্ব স্ব ব্যাংক হিসাবে সরাসরি জমাকরণের লক্ষ্যে যেসকল ধারকগণ ইতঃপূর্বে BEFTN ফরম পূরণপূর্বক জমা প্রদান করেননি তাঁদেরকে রেজিষ্ট্রেশন নম্বরের বিপরীতে পৃথক পৃথক আবেদন ফরমে নিজ নিজ ব্যাংক হিসাব নম্বর, রাউটিং নম্বর, ব্যাংক ও শাখার নাম,টেলিফোন নম্বর উল্লেখপূর্বক চেকের পাতার ফটোকপি, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি এবং ০১(এক) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সংযুক্ত করে প্রধান কার্যালয়ের ইউনিট ধারকগণকে সরাসরি প্রধান কার্যালয়ে এবং ব্যাংক ও শাখা কার্যালয় হতে ক্রয়কারী ইউনিট ধারকগণকে সংশ্লিষ্ট ব্যাংক ও শাখা হতে স্বাক্ষর সত্যায়নপূর্বক অত্র ডিপার্টমেন্ট বরাবর **১৯ জুন, ২০২৫ তারিখের** মধ্যে আবেদন করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

০২। এছাড়াও, যে সকল ইউনিট ধারকগণ ২০২৪-২০২৫ অর্থবছর হতে লভ্যাংশ প্রাপ্তির ক্ষেত্রে সিআইপি (CIP) অপশন গ্রহণ করতে ইচ্ছুক সে সকল ধারকগণকে নির্ধারিত CIP ফরম পূরণপূর্বক জমা প্রদান এবং যে সকল ধারকগণ উৎসে কর কর্তনের ক্ষেত্রে ১২(বার) ডিজিট সম্বলিত Electronic Tax Identification Number (E-TIN) সার্টিফিকেট জমা প্রদান করেননি তাঁদেরকে রেজি. নম্বর , মোবাইল নম্বর উল্লেখপূর্বক E-TIN সার্টিফিকেট ও ট্যাক্স জমাদানের হালনাগাদ রশিদ এবং KYC ফরম পূরণ করে জমা প্রদানের জন্য অনুরোধ জানানো হলো।

**স্বাক্ষরিত/-**
**ইসরাত জাহান**
**সহকারী মহাব্যবস্থাপক**
**ইউনিট ফান্ড ডিপার্টমেন্ট**
**ফোনঃ ০২-২২৪১০৫০৬০৪**
**ই-মেইল: agm_ufund@icb.gov.bd**